



এটা কি ঠিক হল?  
হুঁ।  
হুঁ কী?

ঠিক হল।

আমি বারণ করিনি এভাবে যখন-তখন...।

আমার একটা প্রশ্নের জবাব দাও তো।

শুনি আগে।

তোমাকে আজকে এত বেশি সুন্দর লাগছে কেন?

ও হো, 'ক বলবে এটা একটা অফিস!

কেন, অফিসে কাউকে সুন্দর বলা যাবে না, এমন কোনো নিয়ম কি আছে?

শোনেন স্যার, আছে কি নেই, সেটা আপনি ভালো জানবেন?

যদিও আমার বয়স বেশ হয়েছে, তবে আমি আসলে জানি খুব কমই।

যত কম জেনে আপনি এ চেয়ারটা পেলেন কী করে?

চেয়ার? এই যে যেটায় বসে আছি?

জি, আপনি যেটায় বসে আছে, সেটার কথাই বলছি।

একটা দীর্ঘশ্বাস ফেলে উত্তরটা দেই?

দিন। আমি শোনার সময় না হয় দীর্ঘশ্বাসটা বাদ দিয়ে শুনব।

এ চেয়ারটা আমি পৈত্রিক সূত্রে পেয়েছি। এটা আমার নিজের পক্ষে অর্জন করা কোনোভাবেই সম্ভব হত না।

আচ্ছা, সব সময় এরকম নেগেটিভ কথা বলার কী দরকার, কেন সব সময় নিজেকে ছোট করার চেষ্টা...! নাকি শুধু আমার সামনে? না না, সত্যি কথা আমি সবার সামনেই বলি।

আহারে আমার সত্যবাদী!

বু, একটা কথা শোনো...।

আবার!

আবার মানে!

আমি বারণ করেছি না?

তুমি আবার কী বারণ করেছ?

বাপরে, এই মানুষটা অভিনয় জানেও বটে।... একটা কথা জিজ্ঞেস করি, হ্যাঁ?

শোনার জন্য উন্মুখ হয়ে আছি।

কেন এসব অফিস-টফিস চালাতে এলেন, নাটকে নামলেই তো পারতেন?

নাটকে নামিনি তো কী হয়েছে, অভিনয়ের মধ্যেই তো আছি।

হ্যাঁ, সেটা আমার চেয়ে ভালো আর কে জানে!

একটা কথা বললাম আর গাল ফুলে গেল।... আশ্চর্য, মেয়ে দেখি এদিকে, এই অভাগার দিকে তাকাচ্ছেই না। ... আরে বু, শো না তো...।

আবার বু?

আমি তো বুঝতে পারি না বু ডাকলে কী হয়!

আমার নাম কি বু?

তোমার নাম বুশরা। ঐ নামে তোমাকে

রাজ্যের লোক ডাকে।

আর সেই জন্য আপনি আমাকে বু ডাকবেন?

ম্যাডাম, এই তো আপনার বুদ্ধি খুলেছে। আপনি শুধু সুন্দরী নন, বুদ্ধিমতীও।

আমার এ ধরনের স্থূল ইয়ার্কি পছন্দ না। আর, বু নামটা কেন আমার পছন্দ না, সেটাও আমি একটু বলতে চাই।

আমি কান একদম খুলে রেখেছি।

বু শুনলেই আমার মনে পড়ে ইংরেজি 'Boo', আর ইংরেজি Boo মানে কী, সেটা আপনি নিশ্চয়ই ছোটবেলায় শিখেছেন।

তা কিছু লেখাপড়া তো করেছি। জানি। তবে আমার কথা হচ্ছে আমরা ইংরেজি ভাষায় কথা বলি না, ইংরেজি ভাষায় ভাবিও না।

বুঝলাম। কিন্তু 'বু' শুনলে আমার 'Boo' মনে পড়াকে আপনি বন্ধ করবেন কীভাবে?

স্যরি ম্যাডাম, আমার কিছুই করার নেই। নাকি আসলে আপনি আমাকে 'Boo'-ই বলতে চান?

আরে আরে, এই মেয়ে বলে কী!

থাক থাক, ওভাবে লাফিয়ে উঠতে হবে না।

এমন আপত্তিকর কথা বললে লাফিয়ে তো উঠবেই মানুষ?

ডঙ।

জি না।

বু বলবেন না।

বলব।

ঠিক আছে, আমারও তা হলে আপনার একটা নাম খুঁজে বের করতে হবে।

এই তো এই কথাটা আমি বলতে চেয়েছিলাম।... আহা-হা, তোমার ভুরু কুঁচকে গেল। ভুরু কুঁচকে গেলে তোমাকে এত সুন্দর লাগে কেন? আর, নই ভুরু কুঁচকানো রোজ কি আয়নার সামনে দাঁড়িয়ে প্র্যাকটিস করো?

কীভাবে বুঝলেন?

সত্যিই করো নাকি?

হ্যাঁ। যখন ভার্শিটিতে পড়তাম, তখন খুব সুন্দর চেহারার একটা ছেলেও এই কথা বলেছিল- মানে আমার ভুরু কুঁচকানো সুন্দর।

সেই থেকে।... হাসছেন কেন?

তোমার কপাল দেখে।

মা বলেছে আমার নাকি রাজ, মানে রানী কপাল।

খুব ঠিক কথা! ভার্শিটির এক তরুণ

বলেছিল, আবার এইমাত্র এই বুড়োও বলল।

... আর কেউ বলেছে?

হুঁ।

কে?

বুশরা।

আচ্ছা, আয়নার সামনে দাঁড়িয়ে নিজেই নিজেকে বলা!

আয়নার সামনে না দাঁড়িয়েও বলা যায়। তা যায় বটে। কিন্তু বু, আমাদের আগের প্রসঙ্গ শেষ হয়নি।

কী ছিল সেটা?

তুমি বলেছিলে আমার একটা নাম খুঁজে বের করবে।

ও, হ্যাঁ... দিপু'র 'দি' কেমন? পছন্দ হয়? ইংরেজি The? যে নামেই তুমি ডাকো না কেন, অসুবিধা নেই।... হাসছ যে?

আপনার কি একটা কথা কখনো মনে হয়? কথা তো অনেকই মনে হয়, তুমি যে কোনটার কথা বলছ!

আচ্ছা, অফিসের কোনো লোক যদি শোনে, আমি আপনাকে 'দি' বলে ডাকব বলে ঠিক করেছি, তবে ওদের রিঅ্যাকশনটা কেমন হবে?

আর যদি শোনে আমি তোমাকে ডাকি 'বু' বলে, তা হলে?

ঐ একই কথা হলো।

তুমি তো খুব অভিনয় জানো...।

আমি একটুও অভিনয় জানি না। কখনো করিনি, করবও না।

এটা তুমি ঠিক বললে না।

ঠিক বলেছি।

না, ঠিক বলোনি। প্রতি মানুষকেই কোথাও-না-কোথাও একটু হলেও অভিনয় করতে হয়।... হ্যাঁ, করতেই হয়।

আপনি আমার সঙ্গে অভিনয় করেন? না, কখনো না।

তা হলে?

তুমি আমার ব্যাপারটা বুঝতে পারছ না। আমি তোমার সঙ্গে অভিনয়ের কথা বলছি না, আমি বলছি মানুষকে কোথাও-না-কোথাও একটু অভিনয় করতেই হয়।... একটা উদাহরণ দেব? তোমার মুখ দেখে মনে হচ্ছে একটা উদাহরণ দরকার।

দিন।

সেদিন অফিসের পর রেস্তোরাঁয় গিয়েছিলাম আমরা। তোমার বাসায় ফিরতে একটু দেরিই হয়েছিল। তুমি পরদিন এসে আমাকে বলোনি বাসায় বাবা-মা'র কাছে 'অফিসে খুব জরুরি কাজ' ছিল বলে বেশ একটা অভিনয় তোমার করতে হয়েছিল?... হেসো না।

হাসছি না তো। আমার মুখটাই এরকম।

তোমার বাবা তোমার মোবাইলে ফোন করেছিলেন। তুমি ন্যাকা-ন্যাকা সুরে বলোনি- অফিসের কাজে আটকে গেছি বাবা? ওটা অভিনয় ছিল না?

এত উদাহরণ কে চেয়েছে?



Marriages are said to be made in heaven

Prime Bank's **Marriage Loan** will turn that into reality

Prime Bank Limited  
a bank with a difference  
Hotline: 7160324, 9567265, 0174 088931-2